# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## জুলাই ০১, ২০২০ খ্রি.- জুন ৩০,২০২১ খ্রি.

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি | ৯ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ১০ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ১২ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৬ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১৭ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৮ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা ও সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১, সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা এর মধ্যে

২০২০ সালের..জুলাই... ..মাসের......২৩..........তারিখের এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

ইডেন মহিলা কলেজের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the performance of Eden Mohila College)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### সাম্প্রতিক বছর সমূহের প্রধান অর্জন সমূহঃ

দীর্ঘকালের গৌরবময় ইতিহাস ধারণ করে থাকা বাংলাদেশের মেয়েদের উচ্চ শিক্ষার প্রাণকেন্দ্র ও প্রগতিবাদী চিন্তাচেতনার মানসভূমি ইডেন মহিলা কলেজ আজ স্বমহিমায় উজ্জল।

বর্তমানে কলেজের মোট ছাত্রী সংখ্যা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রায় ২৫,০০০। কলেজে ২৩টি বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ও ১ বছর মেয়াদী স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হয়। শিক্ষকদের মেধা, আন্তরিকতা, উদ্যোগ ও কর্মনিষ্ঠা এই কলেজের বিষয়ভিত্তিক জ্ঞানচর্চাকে করেছে সমৃদ্ধ। বিগত ১০ ফেব্রুয়ারি ২০১৭ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত হয় কলেজটি। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত কলেজে ভর্তি নির্বাচনী পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিয়ন্ত্রিত হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে জিপিএ- ৪ এর নীচে স্কেল প্রাপ্তরা ভর্তির সুযোগ পায় না। ফলে অত্র কলেজে যারা ভর্তি হচ্ছে তারা তাদের নিজ নিজ মেধার পরিচয় এবং প্রতিযোগিতার মধ্যদিয়ে এ কলেজে ভর্তি হয়ে থাকে। পরবর্তীতে কলেজ প্রশাসনের সার্বিক তত্ত্বাবধান এবং শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টার ফলে ইডেন কলেজের ছাত্রীদের ফলাফল বরাবরই ভাল হচ্ছে। ছাত্রীদের ফলাফল গড় সিজিপিএ-৩। শিক্ষার মান ও ফলাফল বিচারে জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠানটি শ্রেষ্ঠ মহিলা কলেজ হিসাবে নির্বাচিত হয়েছে। এই প্রতিষ্ঠান হতে পাঠদান সম্পন্ন শেষে প্রতিবছর বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারি চাকুরীতে শিক্ষার্থীরা যোগদান করছে। লেখাপড়ার পাশাপাশি কলেজটিতে ছাত্রীরা নিয়মিত খেলাধুলা, সাংস্কৃতিক চর্চা, বিতর্ক, রক্তদান কর্মসূচীতে অংশগ্রহণ করে থাকে । এছাড়াও রয়েছে বিএনসিসি এবং রোভার স্কাউটের মতো সংগঠন। অবকাঠামোর দিক থেকে নির্মাণাধীন রয়েছে ১০ তলা একাডেমিক ভবন। ৫ম ও ৬ষ্ঠ তলা একাডেমিক ভবনে নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হয়েছে। একটি সুন্দর শিক্ষার মান উপযোগী গ্রীন ক্যাম্পাস গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত ক্যাম্পাস, টয়লেট সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, ড্রেনেজ সমূহ পরিষ্কার রাখা হয় এবং সংস্কার করা হয়। প্রতিটি বিভাগের ল্যাবসমূহ আধুনিকীকরণ করা হয়েছে। কলেজে ২টি উন্নত মানের আই.সি.টি ল্যাব আছে। যেখানে স্নাতকোত্তর পর্যায়ে এক বছর মেয়াদী ননক্রেডিট সার্টিফিকেট কোর্স করানো হয়। তাছাড়া এ ল্যাবে শিক্ষকদের পর্যায়ক্রমে In house training করানো হয়। প্রতিটি বিভাগে মাল্টিমিডিয়া ক্লাশরুম চালু আছে। ফলে শিক্ষার্থীরা অত্যন্ত স্বত:স্ফুর্ত ভাবে শ্রেণি কক্ষে উপস্থিত থাকে। প্রতিটি বিভাগে ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করা হয়। ৬০% এর নীচে অনুপস্থিত হলে ডিসকলেজিয়েট করা হয়। প্রতিটি কোর্সের জন্য দুটি ইনকোর্স, একটি প্রাকনির্বাচনী ও একটি নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়। কলেজে একটি শীতাতপ নিয়ন্ত্রিত শিক্ষক লাউঞ্জ আছে। শিক্ষক লাউঞ্জ এবং প্রতি বিভাগের শিক্ষক শিক্ষার্থীদের জন্য বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা হয়েছে। ছাত্রীনিবাসেও ছাত্রীদের জন্য সুপেয় বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হয়েছে। কলেজের পুকুর পাড় , ফুলের বাগান, জাতীয় ভাস্কর্য, দেয়ালে স্বাধীনতার ম্যুরাল যথাযথভাবে সংরক্ষণ, সংস্কার করে দৃষ্টিনন্দন করে রাখা হয়। পুরো ক্যাম্পাসে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। শিক্ষক-শিক্ষার্থীদের শারীরিক সুস্থতার লক্ষ্যে দুটি জিমনেসিয়াম স্থাপন করা হয়েছে। একটি মেডিকেল সেন্টার আছে। একজন চিকিৎসক চিকিৎসা দিয়ে থাকেন। রোগের সমস্যা জটিল হলে **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এম.পি.** প্রদত্ত এ্যাম্বুলেন্সের মাধ্যমে দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।

এছাড়া আরো রয়েছে মুক্তিযুদ্ধ ভিত্তিক স্মৃতি যাদুঘর ও স্মৃতি গ্যালারী যার মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরা হয় এবং বাংলাদেশের প্রতিষ্ঠাতা জাতির জনক **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের** রাজনৈতিক ও অর্থনৈতিক দর্শন নতুন প্রজন্মের নিকট পৌছে দেয়ার লক্ষ্যে তার কর্মময় জীবন ভিত্তিক স্থির চিত্র প্রদর্শন করা হচ্ছে। অত্র কলেজে কলেজ প্রশাসন শিক্ষক-শিক্ষার্থীদের মিলিত প্রচেষ্টায় পালন করা হয়ে থাকে সহ শিক্ষা কার্যক্রমসহ সকল জাতীয় দিবস সমূহ।

**সাম্প্রতিকবছর সমূহের প্রধান অর্জনসমূহ নিম্নরূপঃ**

- বাংলাদেশে নারী শিক্ষা ব্যবস্থাপনায় প্রায় দেড়শত বছরের ইতিহাস, ঐতিহ্য ও অগ্রগতিকে ধারণ করে যে শিক্ষা প্রতিষ্ঠানটি দেশে অপ্রতিদ্বন্দ্বী ভুমিকায় অবস্থান করছে তা হচ্ছে ইডেন মহিলা কলেজ। শিক্ষা সংস্কৃতি আর প্রগতিতে এই প্রতিষ্ঠানটি কেবল অগ্রণী ভুমিকাই পালন করছে তা নয়। এটি বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে শ্রেষ্ঠত্বের মর্যাদায় আসীন। ইডেন মহিলা কলেজ ২০১৫ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং-এ সারাদেশের মহিলা কলেজগুলোর মধ্যে প্রথম স্থান এবং জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করেছে।
- দীর্ঘকালের গৌরবময় ইতিহাস ধারণ করে থাকা বাংলাদেশের মেয়েদের উচ্চ শিক্ষার প্রাণকেন্দ্র ও প্রগতিবাদী চিন্তাচেতনার মানসভূমি ইডেন মহিলা কলেজ আজ স্বমহিমায় উজ্জল। ১৮৭৩ সালে নারী শিক্ষার্থীদের প্রত্যয়ী ও আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তৎকালীন গভর্ণর স্যার এ্যাশলে ইডেনের নামানুসারে প্রতিষ্ঠিত ইডেন গার্লস স্কুলটি ছিল আসাম ও বাংলার শ্রেষ্ঠ স্কুলগুলোর অন্যতম।
- বর্তমান কলেজে মোট ছাত্রী সংখ্যা প্রায় ২৫,০০০। কলেজে ২৩টি বিষয়ে ৪ বছর মেয়াদী সম্মানকোর্স স্নাতক (সম্মান), ডিগ্রী (পাস) এবং ১ বছর মেয়াদী স্নাতকোত্তর প্রথম পর্ব ও স্নাতকোত্তর শেষ পর্ব কোর্স চালু আছে। শিক্ষকদের মেধা, আন্তরিকতা, উদ্যোগ ও কর্মনিষ্ঠা এই কলেজের বিষয়ভিত্তিক জ্ঞানচর্চাকে করেছে সমৃদ্ধ।
- কলেজটিতে রয়েছে ১টি প্রশাসনিক, ৫টি একাডেমিক ভবনসহ দু'তলা বিশিষ্ট মানসম্মত বৃহৎ গ্রন্থাগার যেখানে সান্ধ্যাকালীন লেখাপড়ারও সুযোগ রয়েছে।
- সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, রুপকল্প ২০২১, এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals 2030) কে সামনে রেখে ছাত্রীদের জন্য আই.সি.টি. বিভাগ খোলা হয়েছে। যেখানে রয়েছে তিনটি আধুনিক ও উন্নত কম্পিউটার ল্যাব।
- ছাত্রীদের আবাসন সুবিধার জন্য এ কলেজে রয়েছে এশিয়ার সর্ববৃহৎ (১১তলা বিশিষ্ট) হোস্টেল ভবনসহ ছয়টি আবাসিক হোস্টেল, জরুরী প্রাথমিক স্বাস্থ্য সেবার জন্য চিকিৎসাকেন্দ্র ও এ্যাম্বুলেন্স ।
- বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ঢাকার ৭টি কলেজের মধ্যে ইডেন কলেজও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত কলেজ হিসেবে কার্যক্রম শুরু করেছে যা আমাদের শিক্ষার্থীদের পাঠ কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
- শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে কলেজের ১ ও ২ নম্বর গেটের মধ্যবর্তী দেওয়াল গাত্রে মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে নারীদের গৌরবময় ভুমিকা ও ইতিহাস সম্বলিত দৃষ্টিনন্দন ম্যুরালসমুহে সোডিয়াম বাতি সংযোজন, বিভিন্ন ভবনে যাতায়াতের জন্য মধ্যবর্তী রাস্তাসমূহ সংস্কার, শ্রেণিকক্ষে ও আইসিটি ল্যাবে কলেজের সকল শিক্ষকের জন্য বাধ্যতামূলক ইন-হাউজ কম্পিউটার ট্রেনিং এর ব্যবস্থা কলেজে শিক্ষার পরিবেশকে ডিজিটালাইজড করার লক্ষ্যে প্রশাসনিক ভবনে ডিজিটাল নোটিশ বোর্ড, ইলেকট্রিক ঘন্টা, অধিকাংশ শ্রেণিকক্ষে স্মার্ট বোর্ড, মাল্টিমিডিয়া প্রজেক্টরে পাঠদান ও পুরো ক্যাম্পাসে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে।
- শিক্ষক ও শিক্ষার্থীদের শারীরিক সুস্থতার লক্ষ্যে দুটি জিমনেসিয়াম স্থাপন করা হয়েছে। প্রশাসনিক ভবন,মেডিকেল সেন্টার, শিক্ষক মিলনায়তন, সাংস্কৃতিক চর্চাকেন্দ্র ছায়াবীথি ও মুক্তিযুদ্ধ স্মৃতি গ্যালারী ইত্যাদি স্থাপনার ব্যাপক সংস্কারের মাধ্যমে নবরূপায়ন করা হয়েছে। বিজ্ঞানশিক্ষা অধিকতর সুচারুভাবে পাঠদানের লক্ষ্যে বিজ্ঞান অনুষদের ৯টি বিভাগের ল্যাবগুলোর উন্নয়নের লক্ষ্যে ব্যাপক সংস্কার কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচীর অধীনে ভুগোল ও পরিবেশ বিভাগে GIS ও RS ল্যাব চালু করার প্রক্রিয়া শুরু হয়েছে।

- গ্রীন ক্যাম্পাস আমাদের এই ইডেন কলেজের প্রকৃতিক পরিবেশকে সুস্বাস্থ্যের সহায়ক করতে বিরল প্রজাতির ৪০টি ঔষধী গাছ রোপন ও যথাযথভাবে সংরক্ষণের জন্য মাঠে স্থান নির্ধারণ করার সিদ্ধান্ত বর্তমান প্রশাসন গ্রহণ করেছেন।
- কলেজে ১টি স্বতন্ত্র পরীক্ষার হল ভবন নির্মাণ প্রক্রিয়াধীন রয়েছে। যার মধ্যে দিয়ে পরীক্ষা চলাকালে ক্লাস বিঘ্নিত হওয়ার দীর্ঘ দিনের সমস্যার সমাধান হবে।
- জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের** ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ২০ শে আগস্ট, ২০১৭ আয়োজিত আলোচনা সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি **জনাব মোঃ আব্দুল হামিদ**-এর আগমন ইডেন কলেজের ঐতিহ্যের মুকুটে যুক্ত করেছে আরেকটি গৌরবের পালক।
- ইডেন কলেজের শিক্ষার্থীরা অপার মহিমায় উদ্ভাসিত হয়ে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে আত্মনিয়োগ করবে। নতুন নতুন উদ্ভাবনী শক্তি দিয়ে নব আলোকবর্তিকায় উজ্জ্বল হবে পুরো সমাজ, দেশ ও জাতি।
- দৃষ্টি প্রতিবন্ধীদের জাতীয় বিতর্ক প্রতিযোগিতা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন।
- স্নাতক পর্যায়ে জাতীয় গণিত অলিম্পিয়ার্ডে একজন ছাত্রীর শীর্ষ দশে অবস্থান নিশ্চিত করেছিল।
- পার্লামেন্টারিয়ান জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় যুগ্মভাবে চ্যাম্পিয়ন।
- কলেজ ক্যাম্পাসে মাঠ সংলগ্ন একটি মাল্টিপারপাস প্লে গ্রাউন্ড স্থাপন করা হয়েছে।

ডিগ্রী ও অনার্স পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চুড়ান্ত পরীক্ষায় প্রতিবছর শিক্ষার্থীদের কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনের সুনাম অক্ষুন্ন রয়েছে। বিভিন্ন সহপাঠ্যক্রমিক শিক্ষা কার্যক্রম যেমন: বিতর্ক, রচনা, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় জেলা, বিভাগওয়ারী ও জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন ও রানারআপ হওয়ার গৌরব অর্জন করেছে। অবকাঠামোগত দিক থেকে একাডেমিক ভবনের ৫নং ভবনের ৫ম তলা এবং ৬নং ভবনের ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত বর্ধিত করনের কাজ সম্পন্ন হয়েছে। ছাত্রীদের কমনরুম (শেড) নির্মান, মাঠ সংস্কার, রাস্তা নির্মান, ড্রেনেজ ব্যবস্থা সংস্কার, স্থায়ী মঞ্চ নির্মান, ১৮২ জোড়া বেঞ্চ ও প্রয়োজনীয় সংখ্যক চেয়ার তৈরি করা হয়েছে। ৩টি ব্যবহারিক ল্যাব সংস্কার ও আধুনিকীকরণ করা হয়েছে। শিক্ষক মিলনায়তনে ২০টি Conference Table তৈরি করা হয়েছে। কলেজে প্রতিটি ভবনে অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করা হয়েছে। কলেজ চলাকালীন সময়ে ছাত্রীদের বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ, স্বাস্থ্যসেবা ও ব্লাড গ্রুপিং করা হয়। শিক্ষকদের ইন-হাউজ ট্রেনিং (IHT) দেয়া হয়। শিক্ষক মিলনায়তনে এবং ছাত্রীদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হয়েছে। কলেজে একটি সিটিজেন চার্টার তৈরি করা হয়েছে।  কলেজ ক্যাম্পাসে ও হোস্টেল সমূহ ৫৬টি সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। কলেজের অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল তৈরী ও প্রকাশ ডিজিটালাইজড করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথভাবে উদযাপন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পর্যবেক্ষণ ও সংশোধন, "ক্লিন ক্যাম্পাস, গ্রিন ক্যাম্পাস", মাদক ও সন্ত্রাস প্রতিরোধ, যৌন হয়রানি প্রতিরোধ ইত্যাদি বিষয়ে কমিটি গঠন করা হয়েছে এবং এ বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

সকল বিষয়ে বিষয়ভিত্তিক শিক্ষক সংখ্যা অপ্রতুল। মাল্টিমিডিয়া ক্লাশ পরিচালনায় প্রয়োজনীয় সংখ্যক উপকরণ সেট অপর্যাপ্ত। হোস্টেলে আসন সংখ্যা প্রয়োজনের তুলনায় সীমিত। জায়গাসহ অবকাঠামোগত নানাবিধ সমস্যা রয়েছে । মানসম্মত পর্যাপ্ত সংখ্যক আইসিটি ল্যাবের অভাব । সর্বোপরি  শিক্ষক স্বল্পতার কারণে ক্লাশ ও পরীক্ষা পরিচালনা করা সবচেয়ে বড় সমস্যা।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals 2030) উপর ভিত্তি করে শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা ও আধুনিক জ্ঞান সম্পন্ন আলোকিত নাগরিক হিসেবে গড়ে তোলার নিমিত্তে কলেজ বেশ কিছু পরিকল্পনা হাতে নিয়েছে। পরিকল্পনা সমূহ বাস্তবায়ন হলে শিক্ষার গুণগত মান নিশ্চিত সহ নৈতিকতাবোধ সম্পন্ন দক্ষ মানব সম্পদ তৈরিতে কার্যকর ভূমিকা রাখবে।

- শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত ও পরীক্ষার ফলাফল প্রণয়ন এবং পাবলিকেশনের ক্ষেত্রে Student Database Management System (SDMS) পদ্ধতি চালু করা হবে। কলেজের অভ্যন্তরীণ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা বর্তমান নির্মাণাধীন স্বতন্ত্র পরীক্ষা হলে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বিজ্ঞান শিক্ষার মান উন্নত করার লক্ষ্যে ল্যাবসমূহ আধুনিকায়ন করা হবে।
- কলেজের কেন্দ্রীয় অডিটোরিয়ামটি অধিকতর ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
- বিভাগসমূহে 'মুজিববর্ষ ' উপলক্ষ্যে সেমিনারের আয়োজন করা হবে।
- ই-লাইব্রেরী প্রবর্তন করা এবং লাইব্রেরীতে সর্বশেষ সংকলিত বই ও জার্নালের সংখ্যা বৃদ্ধি করা হবে।
- ছাত্রীদের যাতায়াতের জন্য পরিবহন সংখ্যা বৃদ্ধি করা হবে।
- আইসিটি বিষয়ে আগ্রহী শিক্ষার্থীদের নিয়ে একটি আইসিটি ক্লাব গঠন করা হবে।
- পদসৃষ্টির মাধ্যমে শিক্ষক স্বল্পতা দুরীকরণে সমন্বিত কর্মসূচির পাশাপাশি কলেজের পক্ষ থেকেও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। কলেজের অবকাঠামোগত সমস্যা দুরীকরনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
- শিক্ষার্থীদের উপস্থিতি ও পাশের হার বৃদ্ধির জন্য Management and Counselling of Students (MACS) কমিটির কার্যক্রম আরো গতিশীল করা হবে।
- অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিটি অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল প্রকাশের পরে অধ্যক্ষ মহোদয়ের নেতৃত্বে অভিভাবকদের সংগে পরামর্শ ও দিক নির্দেশনামূলক সভা আরও কার্যকরি করা হবে।
- ই-ফাইলিং পদ্ধতি চালু করা হবে।
- ছাত্রীদের সার্বিক সমস্যায় পরামর্শদান ও কাউন্সেলিং এর জন্য কলেজে একজন পেশাদার কাউন্সিলর নিয়োগ দেয়া হবে।

## ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, সপ্তম/অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ (Bangladesh Delta Plan 2100) এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals 2030) কে সামনে রেখে ইডেন মহিলা কলেজ ২০২০-২০২১ অর্থবছরের নিম্নোক্ত সম্ভাব্য প্রধান অর্জনসমূহ নির্ধারণ করেছেঃ

- শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত ও পরীক্ষার ফলাফল প্রণয়ন এবং পাবলিকেশনের ক্ষেত্রে Student Database Management System (SDMS) পদ্ধতি চালু করা হবে। কলেজের অভ্যন্তরীণ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা বর্তমান নির্মাণাধীন স্বতন্ত্র পরীক্ষা হলে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মুজিববর্ষ উপলক্ষ্যে ১টি জার্নাল প্রকাশ করা হবে।
- মুজিববর্ষ উপলক্ষ্যে বৃক্ষরোপন কর্মসূচীর আওতায় ১০০টি ফলজ ও ১০০টি ঔষধি গাছ লাগানো হবে।
- কলেজের বিদ্যমান ওয়েবসাইটকে ডায়নামিক ওয়েবসাইটে উন্নীতকরণ ।
- ক্যাম্পাসে Wi-Fi কার্যক্রম আধুনীকরণ নিশ্চিতকরন।
- ছাত্রী হোস্টেল Access Control দ্বারা উপস্থিতি কার্যক্রম জোরদার করণ ।
- ছাত্রীনিবাসে মানসম্মত খাবার ও সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করণ ।
- কলেজ ক্যান্টিনে খাবারের মান নিশ্চিতকরণ।
- ক্যাম্পাস জুড়ে সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিতকরণ।
- কলেজের সবুজায়ন ও সৌন্দর্য্য বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখা।
- সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সারা বৎসর ব্যাপী চলমান রাখা।
- শিক্ষার্থীদের শারীরিক উৎকর্ষ সাধনের লক্ষ্যে ভলিবল,হ্যান্ড বল,বাস্কেট বলের অবকাঠামো নির্মাণসহ খেলোয়াড়দের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা।
- আই.সি.টি. কম্পিউটার ল্যাবের সংখ্যা ৩ থেকে ৪ এ বৃদ্ধি করার কাজ অব্যাহত রাখা।
- সকল বিভাগ, পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ এবং অন্যান্য দাপ্তরিক কার্যালয় ইন্টারকম সিস্টেম এর আওতায় নিয়ে আসা।
- গার্হস্থ্য অর্থনীতি বিভাগের মাধ্যমে দরিদ্র ও আগ্রহী শিক্ষার্থীদের হাতে কলমে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।
- মুজিববর্ষ উপলক্ষ্যে ৩টি প্রীতিম্যাচ (হ্যান্ডবল, বাস্কেটবল, ভলিবল) পরিচালনা করা।
- স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে স্মারক গ্রন্থ প্রকাশ করা ।
- রবীন্দ্র-নজরুল জয়ন্তী উৎসব উদ্যাপন।
- সেন্ট্রাল সাউন্ড সিস্টেম স্থাপন।
- কলেজ পুকুরের সৌন্দর্যবর্ধন কার্যক্রম গ্রহণ।
- ছাত্রীদের সার্বিক সমস্যায় পরামর্শদান ও কাউন্সেলিং এর জন্য কলেজে একজন পেশাদার কাউন্সিলর নিয়োগ প্রদান।

## সেকশন ১

কলেজের রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী:

১.১ রূপকল্প (Vision) : "এসডিজির চ্যালেঞ্জ মোকাবেলায় আলোকিত প্রজন্ম তৈরি "

১.২ অভিলক্ষ্য (Mission) : পাঠ্যক্রম অনুযায়ী নিয়মিত ব্যবহারিক ও তত্ত্বীয় ক্লাশ গ্রহণ, সহপাঠ্য কার্যক্রমের সফল ও স্বার্থক বাস্তবায়ন, শিক্ষক-শিক্ষার্থীর নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ, মানসম্মত ধারাবাহিক ও বহুমুখী মূল্যায়ন পদ্ধতির যথাযথ প্রয়োগ এবং আধুনিক প্রযুক্তির সহায়তায় কার্যকর মনিটরিং এর মাধ্যমে দেশপ্রেমিক, দক্ষ, যোগ্য, কর্মঠ ও যুগোপযোগী শিক্ষার্থী গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- প্রশাসনিক কর্মকান্ডে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা তরান্বিতকরণ ।
- সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনা, একাডেমিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন, পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান নিশ্চিতকরণ ।
- কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা
- শিক্ষনে কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ ।
- শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ।

### ১.৪ প্রধান কার্যাবলি (Functions):

▶ বার্ষিক একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন, ভিজিলেন্স টিম গঠন, সকল বিভাগ ও ছাত্রীনিবাস থেকে তাদের সমস্যা ও চাহিদা চেয়ে আবেদন গ্রহণ ও আবেদন নিষ্পত্তি করণ।

▶ প্রশাসনিক সকল কার্যক্রমে ই-গভর্নেন্স নিশ্চিতকরণ।

▶ সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনা, একাডেমিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন, পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান, পাঠদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ।

▶ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনায় অনলাইন ক্লাশকে গুরুত্ব দিয়ে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার ও ডিজিটাল কন্টেন্ট তৈরিসহ সার্বিক দক্ষতা আনয়ন।

▶ শিক্ষার্থীদের ক্লাশে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ এবং অমনোযোগী ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের মানোন্নয়ন ও সার্বিক সমস্যা সমাধানে কেন্দ্রীয়ভাবে কলেজে একজন পেশাদার কাউন্সিলর নিয়োগ প্রদানসহ প্রতি বিভাগে ছাত্রীউপদেষ্টা গঠনের মাধ্যমে কার্যকর কাউন্সেলিং এর ব্যবস্থা গ্রহণ।

▶ কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা।

▶ শিক্ষণ কার্যক্রমের কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ

▶ শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ।

## সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংসহাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. প্রশাসনিক কর্মকান্ডে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে। | ১.১.১ ক্যালেন্ডার প্রণয়ন | তারিখ | N/A | ২৫ জুন (১০০%) | ২০ জুন | ১৯জুন | ১৮জুন | দাপ্তরিক কর্মকান্ডে নিয়োজিত কর্মকর্তা কর্মচারী | কলেজ নথি |
| | ১.১.২ বাস্তবায়ন | তারিখ | - | ১জুলাই | ১জুলাই | ১ জুলাই | ১ জুলাই | | |
| | ১.২.১ ভিজিলেন্স টীম গঠন | তারিখ | - | ২৮ জুন | ২৪জুন | ২৩জুন | ২২জুন | | |
| | ১.২.২ দাখিলকৃত রিপোর্ট | সংখ্যা | - | ৩৯০ | ৪২০ | ৪২৫ | ৪২৫ | | |
| | ১.২.৩ নিস্পত্তিকৃত রিপোর্ট | হার | - | ৯০% | ৪২০ | ৪২৫ | ৪২৫ | | |
| | ১.৩.১ অংশীজনের অভিযোগ গ্রহণ | সংখ্যা | - | ৫১২ | ৬০০ | ৬১০ | ৬২০ | | |
| | ১.৩.২ অভিযোগের নিস্পত্তি | হার | - | ৯০% | ৬০০ | ৬১০ | ৬২০ | | |
| ২. সুষ্ঠুভাবে একাডেমিক কাযক্রম পরিচালনা, একাডেমিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন, পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান নিশ্চিত হবে। | ২.১.১ অনার্স ১ম বর্ষ ২০১৯-২০২০, ক্লাশ | সংখ্যা | - | ৭৯৪৮ | ৭৯৪৮ | ৮০৭৫ | ৯০০০ | কলেজের শিক্ষকবৃন্দ | ফলাফল রেকর্ড ও কলেজ নথি |
| | ২.১.২ অনার্স ২য় বর্ষ ২০১৮-২০১৯, ক্লাশ | সংখ্যা | - | ৭৫০০ | ৮০০০ | ৮০৮০ | ৮০৯০ | | |
| | ২.১.৩ অনার্স ৩য় বর্ষ ২০১৭-২০১৮, ক্লাশ | সংখ্যা | - | ৭৭৮৬ | ৭৭৮৬ | ৮০১০ | ৮০৭০ | | |
| | ২.১.৪ অনার্স ৪র্থ বর্ষ ২০১৬-২০১৭, ক্লাশ | সংখ্যা | - | ৭৬২৫ | ৭৬২৫ | ৮০৩০ | ৮০৪৫ | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২.১.৫ ডিগ্রী (পাস) ১ম/২য়/৩য় বর্ষ ক্লাশ | সংখ্যা | - | ৮৭৬ | ৮৮০ | ৯২০ | ৯৩৫ | | |
| | ২.১.৬ মাষ্টার্স ১মপর্ব ২০১৬-১৭ ক্লাশ | সংখ্যা | - | ৩৫২ | ৩৫২ | ৪০০ | ৪২০ | | |
| | ২.১.৭ মাস্টার্স শেষ পর্ব ২০১৭-২০১৮ ক্লাশ | সংখ্যা | - | ৭৭০৬ | ৭৬৩০ | ৮৯০০ | ৮৯১০ | | |
| | ব্যবহারিক<br>২.১.৮ অনার্স ও মাষ্টার্স | সংখ্যা | - | ৩৪৪১ | ৩০০০ | ৩৫০০ | ৩৫৬০ | | |
| ৩.শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও সৃজনশীল কাজে উদ্বুদ্ধ করা এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ হবে। | শিক্ষা সফর | তারিখ | -<br>- | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু | ২০ জানুয়ারী - ১৯ ফেব্রু | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু | কলেজের শিক্ষকদের নিয়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি | কলেজ নথি, অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিক্ষকদের মতামত |
| | সাহিত্য সপ্তাহ | তারিখ | - | ০১ জানুয়ারী - ৭ জানু | ২ জানুয়ারী-৮জানু | ০১ জানুয়ারী ৭ জানু | ০১ জানুয়ারী ৭ জানু | | |
| | ক্রীড়া সপ্তাহ | তারিখ | - | ০১ ফেব্রু - ০৭ ফেব্রু | ২ ফেব্রু - ৮ ফেব্রু | ০১ ফেব্রু - ০৭ ফেব্রু | ০১ ফেব্রু -০৭ ফেব্রু | | |
| | কলেজ ম্যাগাজিন | তারিখ | - | সেপ্টেম্বর/১৯ | ১৫ জুন | ১৫ জুন | ১৫ জুন | | |
| | বার্ষিক মিলাদ | তারিখ | - | ২৩ নভেম্বর | ১ নভেম্বর | ১ নভেম্বর | ১ নভেম্বর | | |
| ৪. আধুনিক ও যুগোপযোগী দক্ষ মানব সম্পদ তৈরী নিশ্চিত করবে। | ৪.১.১ সংশ্লিষ্ট বিষয়ে পাশের হার ও অন্যান্য performance | হার | - | ৯৪% | ৯৭% | ৯৯% | ১০০% | কলেজের শিক্ষক-শিক্ষার্থী, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর ও দপ্তরসমূহ | ফলাফল রেকর্ড, কলেজ ও বিভাগের নথি |
| | ৪.১.২ শিক্ষক প্রশিক্ষণ | সংখ্যা | - | ২০১ | ২২০ | ২২৫ | ২৩০ | | |
| ৫. শিক্ষার্থীদের ক্লাশে মনোযোগী করা । | ৫.১.১ কাউন্সিলিং | হার | - | ৯৬% | ১০০০ | ১০২৫ | ১০৫০ | কলেজ কর্তৃক নিয়োগপ্রাপ্ত পেশাদার কাউন্সিলর ও শিক্ষকবৃন্দ | কাউন্সিলরের রিপোর্ট, কলেজ ও বিভাগের নথি |

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ Target/Criteria Value fot FY2020-2022 | | | | | প্রক্ষেপণ (Prejection) (২০২১-২০২২) | প্রক্ষেপণ (Prejection) (২০২২-২০২৩) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | |
| ১.প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহি ও গতিশীলতা নিশ্চিতকরণ | ৩০ | ১.১ একাডেমিক ক্যালেন্ডার | ১.১.১ ক্যালেন্ডার প্রণয়ন | তারিখ | তারিখ | ৫ | N/A | ২৫ জুন (১০০%) | ২০ জুন | ২২ জুন | ২৩জুন | ২৫ জুন | | ১৯জুন | ১৮জুন |
| | | | ১.১.২ বাস্তবায়ন | তারিখ | তারিখ | ৪ | - | ১জুলাই | ১জুলাই | ২জুলাই | ৩জুলাই | ৪জুলাই | | ১ জুলাই | ১ জুলাই |
| | | ১.২ ভিজিলেন্স টীম | ১.২.১ ভিজিলেন্স টীম গঠন | তারিখ | তারিখ | ৪ | - | ২৮ জুন | ২৪জুন | ২৫জুন | ২৬জুন | ২৮জুন | | ২৩জুন | ২২জুন |
| | | | ১.২.২ দাখিলকৃত রিপোর্ট | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৩৯০ | ৪২০ | ৪১০ | ৪০০ | ৩৯০ | | ৪২৫ | ৪২৫ |
| | | | ১.২.৩ নিস্পত্তিকৃত রিপোর্ট | সমষ্টি | হার | ৪ | - | ৯০% | ৪২০ | ৪১০ | ৪০০ | ৩৯০ | | ৪২৫ | ৪২৫ |
| | | ১.৩ অংশগ্রহণমূলক প্রশাসন | ১.৩.১ অংশীজনের অভিযোগ গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৫ | - | ৫১২ | ৬০০ | ৫৫০ | ৫২৫ | ৫১২ | | ৬১০ | ৬২০ |
| | | | ১.৩.২ অভিযোগের নিস্পত্তি | সমষ্টি | হার | ৫ | - | ৯০% | ৬০০ | ৫০০ | ৪৯০ | ৪৮৫ | | ৬১০ | ৬২০ |
| ২.সুষ্ঠুভাবে একাডেমিক কাযক্রম পরিচালনা, একাডেমিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান | ২০ | ২.১ তত্ত্বীয় ক্লাশ গ্রহণ | ২.১.১ অনার্স ১ম বর্ষ ২০১৯-২০২০, ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৭৯৪৮ | ৭৯৪৮ | ৭৯০০ | ৭৮৭৫ | ৭৮৫০ | | ৮০৭৫ | ৯০০০ |
| | | | ২.১.২ অনার্স ২য় বর্ষ ২০১৮-২০১৯, ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৭৫০০ | ৮০০০ | ৭৫৭৫ | ৭৫২৫ | ৭৫০০ | | ৮০৮০ | ৮০৯০ |
| | | | ২.১.৩ অনার্স ৩য় বর্ষ ২০১৭-২০১৮, ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৭৭৮৬ | ৭৭৮৬ | ৭৭৫৫ | ৭৭৩৫ | ৭৭১৫ | | ৮০১০ | ৮০৭০ |
| | | | ২.১.৪ অনার্স ৪র্থ বর্ষ ২০১৬-২০১৭, ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৭৬২৫ | ৭৬২৫ | ৭১৭৫ | ৭১০০ | ৭০১২ | | ৮০৩০ | ৮০৪৫ |
| | | | ২.১.৫ ডিগ্রী (পাস) ১ম/২য়/৩য় বর্ষ ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ১ | - | ৮৭৬ | ৮৮০ | ৮১০ | ৮০০ | ৭৯০ | | ৯২০ | ৯৩৫ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | . | | ২.১.৬ মাষ্টার্স ১মপর্ব ২০১৬-১৭ ক্লাশ | সমষ্টি | সংখ্যা | ১ | - | ৩৫২ | ৩৫২ | ৩২০ | ৩০০ | ২৭৫ | | ৪০০ | ৪২০ |
| | | | মাস্টার্স শেষ পর্ব ২০১৭-২০১৮ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৭৭০৬ | ৭৬৩০ | ৭৫৫০ | ৭৫০০ | ৭৪৭৫ | | ৮৯০০ | ৮৯১০ |
| | | ২.২ ব্যবহারিক ক্লাশ গ্রহণ | ২.২.১ অনার্স ও মাষ্টার্স | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ৩৪৪১ | ৩০০০ | ২৫০০ | ২২০০ | ২০০০ | | ৩৫০০ | ৩৫৬০ |
| ৩.কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা | ১০ | ৩.১ শিক্ষা সফর | শিক্ষা সফর | তারিখ | তারিখ | ১.৭৫ | - - | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু | ২০ জানুয়ারী - ১৯ ফেব্রু | ২৫ জানুয়ারী - ২৪ ফেব্রু | ২৭জানুয়ারী -২৬ ফেব্রু | ৩০জানুয়ারী - ২৮ ফেব্রু | | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু | ১০ জানুয়ারী - ৯ ফেব্রু |
| | | ৩.২ সাহিত্য ও সংস্কৃতি সপ্তাহ | সাহিত্য সপ্তাহ | তারিখ | তারিখ | ৩.৫ | - | ০১ জানুয়ারী -৭ জানু | ২ জানুয়ারী- ৮জানু | ৩ জানুয়ারী - ৯ জানু | ৪ জানুয়ারী- ১০জানু | ৫ জানুয়ারী ১১ জানু | | ০১ জানুয়ারী ৭ জানু | ০১ জানুয়ারী ৭ জানু |
| | | ৩.৩ ক্রীড়া সপ্তাহ | ক্রীড়া সপ্তাহ | তারিখ | তারিখ | ১.৭৫ | - | ০১ ফেব্রু - ০৭ ফেব্রু | ২ ফেব্রু -৮ ফেব্রু | ৩ ফেব্রু - ৯ ফেব্রু | ৪ ফেব্রু - ১০ ফেব্রু | ৫ ফেব্রু - ১১ফেব্রু | | ০১ ফেব্রু - ০৭ ফেব্রু | ০১ ফেব্রু - ০৭ ফেব্রু |
| | | ৩.৪ কলেজ ম্যাগাজিন | কলেজ ম্যাগাজিন | তারিখ | তারিখ | ১.২৫ | - | সেপ্টেম্বর/১৯ | ১৫ জুন | ১ জুলাই | ১ আগস্ট | ১ সেপ্টেম্বর | | ১৫ জুন | ১৫ জুন |
| | | ৩.৫ বার্ষিক মিলাদ | বার্ষিক মিলাদ | তারিখ | তারিখ | ১.৫০ | - | ২৩ নভেম্বর | ১ নভেম্বর | ১০ নভে: | ১৫ নভে: | ২০ নভে: | | ১ নভেম্বর | ১ নভেম্বর |
| ৪.শিক্ষনে কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ | ৭ | ৪.১ শিক্ষকের দক্ষতায়ন | ৪.১.১ সংশ্লিষ্ট বিষয়ে পাশের হার ও অন্যান্য performance | ক্রম পুঞ্জিভূত | হার | ২ | - | ৯৪% | ৯৭% | ৯৬% | ৯৫% | ৯৪% | | ৯৯% | ১০০% |
| | | | ৪.১.২ শিক্ষক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৫ | - | ২০১ | ২২০ | ২১০ | ২০৫ | ২০১ | | ২২৫ | ২৩০ |
| ৫.শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ | ৮ | ৫.১ ক্লাশ চলাকালিন সময়ে সার্বিক অনুকূল পরিবেশ পরিস্থিতি | ৫.১.১ কাউন্সিলিং | সমষ্টি | হার | ৮ | - | ৯৬% | ১০০০ | ৯৭৫ | ৯৫০ | ৯২৫ | | ১০২৫ | - ১০৫০ |

# মাঠ পর্যায়ের আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমূহ ২০২০-২১(প্রস্তাবিত)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগতউদ্দেশ্যেরমান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ-র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্বপ্রত্যেককর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা এর পরিচালকের নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি পরিচালক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অঞ্চল, ঢাকা এর প্রতিনিধি হিসাবে ইডেন মহিলা কলেজের অধ্যক্ষের নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কলেজকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

| | |
|---|---|
| ----------------------- | ২৬.৭.২০২০<br>----------------------- |
| অধ্যক্ষ<br>ইডেন মহিলা কলেজ<br>ঢাকা।<br>(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)<br>আইডি নং-২৭৯০<br>অধ্যক্ষ<br>ইডেন মহিলা কলেজ, ঢাকা। | তারিখ: |
| ----------------------- | ২৬.৭.২০২০<br>----------------------- |
| পরিচালক<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল<br>ঢাকা। | তারিখ: |

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

মাউশি = মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

EMC = Eden Mohila College

MACS = Management and Counselling of Students

IHT = In-house Training

ICT = Information and Communication Technology

SDMS = Student Database Management System

NAEM = National Academy for Educational Management

GIS = Geographic Information System

RS = Remote Sensing

## সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যাবলীসমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | একাডেমিক ক্যালেন্ডার | একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন ও বাস্তবায়ন | যথাসময়ে বাৎসরিক কর্মসম্পাদন বাস্তবায়ন | সংশ্লিষ্ট কলেজ | একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়ন উপাত্ত সূত্র : কলেজ নথি | |
| ০২ | মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ গ্রহণ | বাৎসরিক গৃহীত ক্লাশের সংখ্যা | পাঠদান কার্যক্রমকে যুগোপযোগী ও ফলপ্রসু করা | কলেজের শিক্ষকবৃন্দ | বিষয়ভিত্তিক ফলাফল ও পাশের হার উপাত্ত সূত্র : ফলাফল রেকর্ড | |
| ০৩ | সহপাঠ্য কার্যক্রম পরিচালনা | শিক্ষাসফর, সাংস্কৃতিক সপ্তাহ খেলাধুলা, ম্যাগাজিন ও বার্ষিক মিলাদ | শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও সৃজনশীল কাজে উদ্বুদ্ধ করা | কলেজের শিক্ষকদের নিয়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি | শিক্ষার্থীদের অংশগ্রহণ ও কার্যক্রমগুলোর গুনগত মান উপাত্ত সূত্র : অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অন্যান্যদের মতামত | |
| ০৪ | শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ | ক্লাশ চলাকালীন সময়ে ক্লাশের ভিতরে ও বাহিরের সার্বিক পরিবেশ | শিক্ষার্থীদের ক্লাশে মনোযোগী করা | দৈনন্দিন ক্লাশ ও পরিবেশ মনিটারিং এর জন্য গঠিত ভিজিলেন্স টিম | বাস্তবে দৃশ্যমান পরিবেশ পরিস্থিতি উপাত্ত সূত্র : ভিজিলেন্স টিমের প্রদত্ত রিপোর্ট | |
| ০৫ | জাতীয় সংগীত পরিবেশন শপথগ্রহণ নিশ্চিতকরণ | প্রত্যহ ক্লাশ শুরুর পূর্বে | শিক্ষার্থীদের মাঝে দেশপ্রেম উদ্ধুদ্ধকরণ। | কলেজের শিক্ষকদের নিয়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি | শিক্ষার্থীদের অংশগ্রহণ ও কার্যক্রমগুলোর গুনগত মান উপাত্ত সূত্র : অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ । | |
| ০৬ | একাডেমিক কার্যক্রমের পাশাপাশি প্রতিদিন নৈতিক শিক্ষার ক্লাশ নিশ্চিতকরণ | প্রতিটি শ্রেণীর কার্যক্রম | শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা বৃদ্ধি করণ। | কলেজের প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধান | শিক্ষার্থীদের অংশগ্রহণ ও কার্যক্রমগুলোর গুনগত মান উপাত্ত সূত্র : অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ । | |
| ০৭ | দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | দাপ্তরিক কর্মকান্ড হালনাগাদকরণ ও ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | প্রশাসনিক কর্মকান্ডে স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি | দাপ্তরিক কর্মকান্ডে নিয়োজিত কর্মকর্তা কর্মচারী | সেবা গ্রহীতাদের সন্তুষ্টি ও মতামত উপাত্ত সূত্র : কলেজ নথি | |

## সংযোজনী-৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| শিক্ষা মন্ত্রণালয় | শিক্ষকদের বিষয়ভিত্তিক পদসৃষ্টি | বিষয়ভিত্তিক শিক্ষক ও কর্মচারীদের পদসৃষ্টির সংখ্যা | প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে পদসৃষ্টির কাজ বাস্তবায়ন | সুষ্ঠুভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনা ও দাপ্তরিক কাজ সম্পাদন | কলেজে মানসম্মত শিক্ষাদান কার্যক্রম ব্যাহত |
| মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) | বিভিন্ন উন্নয়ন প্রকল্পে কলেজের নাম অন্তর্ভুক্তিকরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ | গৃহীত ও বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা | সময়মত প্রকল্পের কাজ বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের অর্থ ছাড়করণ | অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম ব্যাহত |
| নায়েম (ঘঅউগ) | শিক্ষকদের প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদের সংখ্যা | সময়মত প্রশিক্ষণ প্রদান | শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি | মানসম্মত শিক্ষাদান কার্যক্রম ব্যাহত |